গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(শিক্ষা শাখা)

স্মারক নং -০৫.২০.৩০০০.০০৯.০৬.০০২.১৪- ৩৫৩ তারিখঃ ২৩/১১/২০১৪ খ্রিঃ

## প্রাথমিক শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণ ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : জেলা প্রশাসক, ফেনী
স্থান : জেলা প্রশাসক, ফেনী এর সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ০৬/১১/২০১৪ খ্রিঃ, বেলা- ১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। বিদ্যালয় পরিদর্শন | ক) সভায় পরিদর্শনকারী কর্মকর্তাগণের এলাকাভিত্তিক অক্টোবর/২০১৪ মাসে বিভিন্ন বিদ্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনান্তে দেখা যায় সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ফেনী ২৯/১০/২০১৪ ইং তারিখ ছাগলনাইয়া উপজেলাধীন আধার মানিক সরকারি প্রাথমিক বিদ্যালয়, আজমেরী বেগম সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং মোকামিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শন প্রতিবেদনে ৫ম শ্রেণীর শিক্ষার্থীরা ইংরেজী ও গণিত বিষয়ে দূর্বল মর্মে উল্লেখ করেন। | ক) পরিদর্শনকৃত বিদ্যালয়সহ সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শ্রেণী পাঠদানে ইংরেজী ও গণিত বিষয়ে আরও যত্নবান হতে সকল শিক্ষককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী / নির্বাহী প্রকৌশলী এলজিইডি/বিভাগীয় কর্মকর্তা (সকল)/ উপজেলা শিক্ষা অফিসার (সকল) |
| | খ) বিভাগীয় কর্মকর্তাগণ ও কমিটির সদস্যগণ কর্তৃক মাসে কমপক্ষে একটি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনের ব্যাপারে আলোচনা করা হয়। | খ) বিভাগীয় কর্মকর্তাগণ ও কমিটির সদস্যগণ অন্তত মাসে একটি বিদ্যালয় পরিদর্শন করবেন এবং যদি কোন অসংগতি অথবা কোন সমস্যা চোখে পড়ে তাহলে তা তুলে ধরবেন। | |
| | গ) পরিদর্শনকারী কর্মকর্তাগণের প্রতি পরামর্শ: সভায় বিদ্যালয় পরিদর্শন কালীন বিদ্যালয়ে বিদ্যমান টয়লেট ব্যবস্থাপনার উপর আলোচনা করা হয়। | গ) পুরুষ শিক্ষক ও বালক এবং মহিলা শিক্ষক ও বালিকা পৃথক পৃথক টয়লেট ব্যবহার করবেন এবং কোন কোন বিদ্যালয়ে ১ টি টয়লেট রয়েছে তার প্রতিবেদন প্রদান পূর্বক সভার কার্যবিবরণীর সাথে সংযুক্ত করতে হবে। | |
| ২। বিবিধ | ক) মিড-ডে-মিল: ২০১৩ সালে ২০ টি প্রাথমিক বিদ্যালয়ে এবং বর্তমানে ১১ টি বিদ্যালয়ে মিড-ডে-মিল চালু আছে। চলতি বছরে দাগনভূঞা উপজেলায় নতুন করে তিনটি বিদ্যালয়ে মিড-ডে মিল চালুসহ অবশিষ্ট উপজেলাগুলোতে নতুনভাবে একটি করে বিদ্যালয়ে মিড-ডে-মিল চালুর ব্যাপারে, এবং মিড-ডে-মিল কর্মসূচীকে আরও প্রসারিত করতে স্কুল কেন্দ্রিক / পার্শ্ববর্তী ধনাঢ্য ব্যক্তিদের তালিকা প্রস্তুত করে মিড-ডে-মিল কর্মসূচীতে উদ্বুদ্ধ ও উৎসাহিত | খ)মিড-ডে-মিল কর্মসূচী চালু করার জন্য প্রতিটি উপজেলায় আলোচ্য মাসে কমপক্ষে একটি করে নতুন স্কুল নির্বাচন করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>বিভিন্ন জাতীয় কর্মসূচীতে মিড-ডে মিল কর্মসূচীতে সহযোগিতা দানকারীগণের মাঝে পুরস্কার বিতরণের প্রয়োজনীয় | উপজেলা চেয়ারম্যান (সকল/উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার (সকল)/ প্রধান শিক্ষকগণ (সকল) |
| | **খ) বিদ্যালয়ের ল্যাট্রিন মেরামত ও নিরাপদ পানীয় জলের ব্যবস্থা :** বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ল্যাট্রিন মেরামত ও নিরাপদ পানীয় জলের ব্যবস্থা করণ সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,ফেনী সভায় জানান যে, সকল ইউএনও থেকে এখনও তালিকা পাওয়া যায়নি। | খ) প্রাথমিক বিদ্যালয়সমূহে ল্যাট্রিন মেরামত ও নিরাপদ পানীয় জলের ব্যবস্থা নিশ্চিত করার নিমিত্ত জরুরী ভিত্তিতে তালিকা প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। | |
| | **ঘ) কাব স্কাউট:** সভায় বিদ্যালয়সমূহে কাব স্কাউট চালুর বিষয়ে আলোচনা করা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে মোট ৪৪৮ টি বিদ্যালয়ে কাব স্কাউট চালু আছে। | ঘ) প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে স্কাব স্কাউট গঠন করে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | **ঙ) জাতীয় কর্মসূচী উদযাপন:** প্রাথমিক বিদ্যালয়সমূহে বিভিন্ন জাতীয় কর্মসূচী উদযাপন ও আলোচনা সভার আয়োজনের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | ঙ) প্রাথমিক বিদ্যালয়সমূহে বিভিন্ন জাতীয় কর্মসূচী উদযাপন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| | **চ) শিক্ষার্থীদের পাঠ্যসূচী বহির্ভূত কর্মকান্ডে অংশ গ্রহণ:** শিক্ষার্থীদের মানসিক বিকাশ সাধনের জন্য শ্রেণি কার্যক্রমের পাশাপাশি পাঠ্যসূচী বহির্ভূত কর্মকান্ডে অংশ গ্রহণ এ উদ্বুদ্ধ করণের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | চ) শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম এর পাশাপাশি পাঠ্যসূচী বহির্ভূত শিক্ষামূলক কর্মকান্ড পরিচালনা করতে হবে। যেমন: বিতর্ক, উপস্থিত বক্তৃতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | |
| | **ছ) সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন:** শিক্ষার্থীদের বিনোদনের জন্য প্রতিটি বিদ্যালয়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | ছ) শিক্ষার্থীদের চিত্ত বিনোদনের লক্ষ্যে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুোধ করা হয়। | |
| | **জ) কম্পিউটার:** প্রাথমিক বিদ্যালয়সমূহে কম্পিউটার ব্যবস্থাপনার উপর সভায় আলোচনা করা হয়। | জ) কোন কোন বিদ্যালয়ে কম্পিউটার আছে এবং কোন কোন বিদ্যালয়ে কম্পিউটার নেই তার তালিকা প্রস্তুতকরণ সহ বিদ্যমান কম্পিউটারগুলোর রক্ষনাবেক্ষণ এবং এর সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। | |
| | **ঝ) মাল্টিমিডিয়া ক্লাস রুম:** প্রাথমিক বিদ্যালয়সমূহে মাল্টিমিডিয়া ক্লাস রুম চালুর ব্যাপারে সভায় আলোচনা হয় । এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, বর্তমানে মোট ১৮ টি বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাস ব্যবস্থা চালু আছে। | ঝ) বর্তমান শিক্ষাবর্ষে আরও অধিক সংখ্যক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাস রুম চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মো: হুমায়ুন কবীর খোন্দকার)
জেলা প্রশাসক
ফেনী।

স্মারক নং -০৫.২০.৩০০০.০০৯.০৬.০০২.১৪-৬৫৭ তারিখঃ ২৩/১১/২০১৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,মিরপুর, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেনী সদর/পরশুরাম/ ফুলগাজী/ ছাগলনাইয়া/সোনাগাজী/দাগনভূঁঞা, ফেনী।
৬। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/পরশুরাম/ ফুলগাজী/ ছাগলনাইয়া/সোনাগাজী/দাগনভূঁঞা, ফেনী।
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
৮। ........................................................................................., ফেনী।

জেলা প্রশাসক
ফেনী।